চুয়াডাঙ্গাতে দৈনিক আকাশ খবর পত্রিকার প্রকাশক ডিউক মারা গেছেন

চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সদস্য ও বাংলাদেশ বেতারের জেলা সংবাদদাতা এবং চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক আকাশ খবর পত্রিকার প্রকাশক জ্যেষ্ঠ সাংবাদিক এ্যাডভোকেট তছিরুল আলম মালিক ডিউক আজ মঙ্গলবার সকাল সাড়ে ৮টার পর শহরের টাউন মাঠের অপর পাশে অবস্থিত নিজ বাড়ীতে ইন্তেকাল করেছেন, ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দু’ছেলে-মেয়ে রেখে গেছেন।

তিনার মৃত্যুতে শোক প্রকাশ করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমাবেদনা জানিয়েছে মেহেরপুর প্রতিদিন সংবাদপত্রের পরিবার।

নিউজ ২৪ এর জেলা প্রতিনিধি হিসাবে নিয়োগ পেলেন ডালিম

টিভি চ্যানেল নিউজ ২৪ এর জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পাওয়ায় সাংবাদিক সানোয়ার হোসেন ডালিম কে সংবর্ধনা দিয়েছে মুজিবনগরর প্রেসক্লাবের সাংবাদিকবৃন্দ।

আজ রবিবার দুপুরে মুজিবনগর মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের পিডব্লিউডিআই রেস্ট হাউসে এই সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আরটিভির জেলা প্রতিনিধি মানিক, চ্যানেল টোয়েন্টিফোরের স্টাফরিপোর্টার রাশেদুজ্জামান রাশেদ, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, মুন্সী ওমর ফারুক প্রিন্স, শেখ শফিউদ্দিন, খাইরুল বাশার, শের খান, সোহাগ মন্ডল, শাকিল রেজা, ফিরোজ রহমান, তুহিন, জাহিদ হাসান, আব্দুল খালেক, রেজাউল, আনোয়ার হোসেন, শরিফুল ইসলাম, উজ্বল হোসেন,

মওলাদ হোসেন সহ মুজিবনগর প্রেসক্লাবের সদস্যবৃন্দ।

এ সময় সাংবাদিক খাইরুল বাসার সানোয়ার হোসেন ডালিমকে একটি এন্ড্রয়েড ফোন উপহার দেন।

কোটচাঁদপুরে সাপ্তাহিক দিগন্তবাণী ১৪তম বর্ষ পদার্পণ অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা থেকে প্রকাশিত সাপ্তাহিক দিগন্তবাণী পত্রিকার ১৪তম বর্ষে পদাপর্ন উপলক্ষে আজ (শনিবার) কোটচাঁদপুরে এক পাঠক সমাবেশ অনুষ্ঠিত হয়।

পত্রিকার সম্পাদক আলহাজ্ব মুহাঃ শাহ জামানের সভাপতিত্বে স্থানীয় পৌর পাঠাগার মিলনায়তনে অনুষ্ঠানে প্রধান অতিধি ছিলেন সাবেক সরকারি কলেজ অধ্যক্ষ আলহাজ্ব মোঃ মহসীন আলী।

বিশেষ অতিথি ছিলেন কোটচাঁদপুর আলীয়া কামিল মাদরাসার উপাধ্যক্ষ মুফতি মাওঃ আসাদুজ্জামান শের আলী,স্থানীয় পৌরসভার প্যানেল মেয়র মোঃ জাহিদ হোসেন,কবি ও স্থানীয় ইতিহাস লেখক মোঃ আশরাফ উদ্দিন,সাবেক খাদ্য কর্মকর্তা কাজী আব্দাস সালাম, জাতীয় পার্টি উপজেলা সভাপতি আব্দুল মাজেদ,কলেজ শিক্ষক (অব:) মাওঃ মোঃ অলিয়ার রহমান, কলেজ শিক্ষক মোঃ আলতাফ হোসেন শিক্ষক মোঃ লিয়াকত আলী,শিক্ষক ও আলোর দিগন্ত কোচিং সেন্টার পরিচালক সিলভিনা পারভিন কেকা,শিক্ষিকা পারভিন আক্তার,ব্যবসায়ী মনোজ কুমার শ্মর্মা,মোঃ আজমল হোসেন জোয়ার্দ্দার,সাংবাদিক মোঃ মঈন উদ্দিন, সাংবাদিক আব্দুল্লাহ বাশার,রমজান আলী,রেজাউল ইসলাম রেজা,সাহেব আলী মাতুব্বর,জিজি,নাসিফ আব্দাল্লাহ মোহাম্মদ এবং অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত করেন মোঃ আব্দুল হালিম। অনুষ্ঠান সঞ্চালনা করেন সাংবাদিক মোঃ আরিফ হোসেন।

জাতীয় দৈনিক নাগরিক ভাবনার চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হলেন মিঠুন

ঢাকা থেকে প্রকাশিত জাতীয় দৈনিক নাগরিক ভাবনার চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হিসাবে নিয়োগ পেয়েছেন দৈনিক সময়ের সমীকরণ ও মাই টিভির প্রতিনিধি মিঠুন মাহমুদ।

আজ বুধবার বিকালে দৈনিক নাগরিক ভাবনার সম্বপাদক ও প্রকাশক আফরোজা সিদ্দিকা স্বাক্ষরিত নিয়োগপত্রটি হাতে তুলেদেন ।

দৈনিক নাগরিক ভাবনার চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হওয়ায় মিঠুন মাহমুদকে শুভেচ্ছা জানিয়েছেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন,কালের কন্ঠর চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি মানিক আকবার,সময় টিভির জেলা প্রতিনিধি মাহফুজ মামুন,নাগরিক টিভির জেলা প্রতিনিধি হুসাইন মালিক,ডিবিসি নিউজের জেলা প্রতিনিধি সেলিম হোসেন,যমুনা টিভির জেলা প্রতিনিধি জিসান আহম্মেদ,এখন টিভির জেলা প্রতিনিধি অনিক চক্রবর্তী,দৈনিক আজকের পত্রিকার জেলা মেহেরাব্বী সানভি,জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম,আর বাবু,সাধারন সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্জল,জীবননগর প্রেস ক্লাবের সাবেক সাধারন সম্পাদক আতিয়ার রহমান,জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু,সাধারন সম্পাদক জামাল হোসেন খোকন,দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন,সাধারন সম্পাদক হানিফ মন্ডল,দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার জীবননগর ব্যুরো মাজেদুল মিল্টন, নবচিত্র পত্রিকার জীবননগর প্রতিনিধি চাষী রমজান,দৈনিক আকাশ পত্রিকার মুতাসিন বিল্লাহ,দৈনিক গ্রামের কাগজ পত্রিতার তুহিনুজ্জামান,দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার মহেশপুর প্রতিনিধি আব্দুর রহিম।

চুয়াডাঙ্গায় নৌকার প্রার্থীর ছেলুনের সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গায় নৌকা ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকের মধ্যে হামলা এবং আওয়ামী লীগ নেতা গ্রেফতারের ঘটনায় সংবাদ সম্মেলন করেছেন চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

আজ সোমবার বেলা সাড়ে ১১টায় জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে এ সম্মেলনের আয়োজন করা হয়।

এতে লিখ্তি বক্তব্যে নৌকার প্রার্থী ও বর্তমান সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, কয়েকদিন ধরে চুয়াডাঙ্গা সদরের শংকরচন্দ্র ও পদ্মবিলা ইউনিয়ন এলাকায় একজন স্বতন্ত্র প্রার্থীর কর্মীরা নৌকা মার্কার প্রার্থীর বিরুদ্ধে সরাসরি নৌকার প্রার্থীর নামে ব্যক্তিগতভাবে গালাগালী করে উত্তেজনা ছড়াচ্ছিলেন। এ ঘটনায় সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের ইনচার্জ হারুন-অর-রশিদ তাদের সাথে যুক্ত হয়ে নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করছেন।

গত ২৩ ডিসেম্বরের রাতে ভান্ডারদহ গ্রামে নৌকার পক্ষে মিছিল বের হলে মিছিলের পিছন থেকে ঈগল মার্কা স্বতন্ত্র প্রার্থীর উপস্থিতিতে তার সমর্থকেরা গালাগালী করতে থাকে। একপর্যায়ে তাদের কর্মিরা অতর্কিত হামলা করে।

স্থানীয় প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে নৌকার প্রার্থী আরও বলেন, সেখানে পুলিশ পৌঁছালে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান আলী আহম্মেদ হাসানুজ্জামান মানিকসহ ৫ জনকে আটক করা হয়। পরে স্বতন্ত্র প্রার্থীর পক্ষে একজনকে বাদী সাজিয়ে মামলা করা হয়।

সংবাদ সম্মেলনে সরোজগঞ্জ পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই হারুন-অর-রশিদকে অবিলম্বে প্রত্যাহার এবং বিশৃঙ্খলা সৃষ্টির মূল হোতা আবু তাহের বিশ্বাসকে অবিলম্বে গ্রেপ্তার ও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়।

ঝিনাইদহে সাংবাদিকের রহস্যময় মৃত্যু, জড়িত সন্দেহে দুই মহিলা গ্রেপ্তার

ঝিনাইদহ প্রেসক্লাবের সদস্য দৈনিক জবাবদিহি প্রত্রিকার জেলা প্রতিনিধি মোঃ সেলিম মিয়ার মৃত্যুর কারণ নিয়ে সন্দেহের দানা বেধেছে। এই মৃত্যুর সাথে জড়িত সন্দেহে দুই মহিলাকে গ্রেপ্তার করেছে পুলিশ। প্রথমে সড়ক দূর্ঘটনায় সেলিমের মৃত্যু হয়েছে জানা গেলেও শরীরের কোথাও আঘাতের চিহ্ন না থাকায় তাকে পরিকল্পিত ভাবে হত্যা অথবা অন্য কোনভাবে মৃত্যু হয়েছে বলে পুলিশ এবং পরিবারের কাছে সন্দেহ দেখা দিয়েছে।

জানা যায়, গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৯টার দিকে শহরের হামদহ এলাকায় রাস্তা পার হওয়ার সময় দ্রুতগামী একটি মটরসাইকেল তাকে ধাক্কা দিলে তিনি মাথায় গুরুতর আঘাতপ্রাপ্ত হন। পরে তাকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে দিবাগত রাত ২ টার দিকে মৃত্যু ঘটে।

এম সেলিম মিয়া (৫৩) দৈনিক জবাবদিহি পত্রিকার জেলা প্রতিনিধি ও ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী গ্রামের মৃত আব্দুর রাজ্জাকের ছেলে।

নিহত’র জামাই ইমতিয়াজ আহমেদ জানান, বগুড়া থেকে ফিরে এসে রাত সাড়ে ৯ টার দিকে ব্যক্তিগত কাজে আলফালাহ হাসপাতাল এলাকায় যান তার শশুর। কাজ শেষে করে রাস্তা পার হওয়ার সময় একটি দ্রুতগামী মোটর সাইকেল তাকে ধাক্কা দেয়। এতে তিনি রাস্তায় পড়ে মাথায় আঘাত পান। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে ঝিনাইদহ সদর হাসপাতাল ও পরে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক রাত ২ টার দিকে মৃত ঘোষণা করেন।

নিহত’র স্ত্রী মমতা বেগম জানান, তার স্বামীর হার্টের রোগ ছিল। চিকিৎসকরা তাকে জানিয়েছেন মাথার আঘাতে রক্তক্ষরণ ও কার্ডিয়াক সমস্যায় তার মৃত্যু হয়েছে। সড়ক দূঘটনায় আঘাতের যে ধরনের চিহ্ন থাকে তার শরীরে এমন কোন ক্ষত চিহ্ন পাওয়া যায়নি। যে দুই মহিলা তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে তাদের স্বীকারোক্তি মতে

চুয়াডাঙ্গার আমিরপুরে মাদ্রাসা শিক্ষক ও বিটিভির জেলা প্রতিনিধি নারীসহ আপত্তিকর অবস্থায় আটক

চুয়াডাঙ্গার সদর উপজেলার মোমিনপুর ইউনিয়নের আমিরপুর গ্রামে কামিল মাদ্রাসার কৃষি শিক্ষক ও বিটিভি এবং বাংলাদেশ সংবাদ সংস্থা এবং দৈনিক আলোকিত বাংলাদেশের জেলা প্রতিনিধি ওয়াহেদ মোঃ রাশেদীন আমিন ওরফে রাজন রাশেদ নতুন শিক্ষা কারিকুলামের প্রশিক্ষণ ফেলে নারীসহ আপত্তিকর অবস্থায় স্থানীয় জনতার হাতে আটক হলেও অবশেষে মোমিনপুর ইউপি চেয়ারম্যান আব্দুল্লাহ আল-মামুন রতনের হস্তক্ষেপে তার মুক্তি মেলে।

ঘটনাটি ঘটেছে গতকাল মঙ্গলবার (১৯ ডিসেম্বর) বেলা আড়াইটার পর। এ ঘটনার আগে নতুন শিক্ষা কারিকুলামের জন্য চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ১৭ ডিসেম্বর থেকে ২৩ ডিসেম্বর চলমান প্রশিক্ষণে সে প্রশিক্ষণ নিচ্ছিল। দুপুরের ১ ঘন্টার বিরতীর মধ্যে ওই শিক্ষক কিভাবে আমিরপুর গ্রামে নারীবাজী করতে আসে সেটা নিয়েও প্রশ্ন দেখা দিয়েছে।

আমিরপুর গ্রামবাসী জানান,বেশ কিছু দিন ধরে ওই গ্রামের মরহুম আব্দুর রহমান ওরফে রহমান কাজী (সাবেক কামিল মাদ্রাসার পিয়ন) বাড়ীতে ওয়াহেদ মোঃ রাশেদীন আমিন ওরফে রাজন রাশেদ আসা-যাওয়া করে। ওই বাড়ীতে কাজীর দ্বিতীয় পক্ষের স্ত্রী তার এক সন্তান নিয়ে বসবাস করে আসছে। রাজন, দ্বিতীয় স্ত্রীকে পেনশনের টাকা পাইয়ে দেয়ার কথা বলে তার সঙ্গে অপ্রতিরোধ্যভাবে শারীরিক সম্পর্ক করতো। সে খেয়াল খুশি মত এসে সেটা অব্যাহত রেখেছিল।

মোমিনপুর ইউনিয়ন পরিষদের ৪ নম্বর ওয়ার্ড সদস্য শাহিনুর রহমান শাহিন জানান, রাজন রাশেদ বেশ কিছুদিন ওই বাড়ীতে আপত্তিকর কাজ করার জন্য আসতো। এদিন দুপুরের পর লোকজন বাড়ীর প্রাচীর টোপকে ভেতরে ঢুকে ঘরের মধ্যে দুজনকে আপত্তিকর অবস্থায় দেখতে পায়।

শিক্ষকের বিরুদ্ধে অনেক অভিযোগ আছে। তবে এ ঘটনার ব্যাপারে তাকে কারন দর্শানো নোটিশ করা হবে। এটি একটি গোর্হিত অপরাধ।

চুয়াডাঙ্গায় ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকে বহিষ্কারের প্রতিবাদে সাংবাদিক সন্মেলন

চুয়াডাঙ্গার নেহালপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক বহিষ্কারের প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাবে সাংবাদিক সন্মেলন অনুষ্ঠিত হয়েছে।

সাংবাদিক সন্মেলনে নেহালপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি জাহাঙ্গীর আলম ও সাধারণ সম্পাদক সামসুল হক লিখিত বক্তব্যে বলেন, আমরা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ বুকে ধারণ করে উইনিয়ন আওয়ামী যুবলীককে সু-সংগঠিত করার লক্ষ্যে নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছি এবং যুবলীগের সমস্থ কর্মকাণ্ডে অংশগ্রহণ করে তা প্রতিপালন করছি।

সেই সাথে চুয়াডাঙ্গা-২ আসনে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার মনোনীত নৌকার প্রার্থী হাজী আলী আজগার টগর মহদয়ের পক্ষে বর্তমান সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডের প্রচার প্রচারণা চালিয়ে যাচ্ছি। যা চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য অবগত আছেন। নৌকার পক্ষে কাজ করায় স্থানীয় বিভিন্ন পত্রিকা মারফত জানতে পারি আমাদের বিরুদ্ধে জমিদখল, চাঁদাবাজি, দখলদারিত্ব ও দলীয় শৃংখলা ভঙ্গের মনগড়া মিথ্যা ও ভিত্তীহিন অভিযোগ তুলে আমাদেরকে বহিষ্কার করা হয়েছে। যার কোন প্রমান বা সত্যতা নেই। অথচ ভিত্তিহীন অভিযোগ তুলে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার ও যুগ্ন আহবায়ক সামমুদ্দোহা মল্লিক হাসু ব্যাক্তি স্বার্থ ও উদ্দেশ্য প্রনোদিত হয়ে আমাদেরকে বহিষ্কার করেছেন। আমাদের একটিই অপরাধ চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায়

নৌকার পক্ষে কাজ করা। তাই আমরা বিষয়টি খুলনা বিভাগিয় যুবলীগের নেতৃবৃন্দকে অবহিত করলে তারা জানিয়েছেন, এটা উদ্দেশ্য প্রনোদিত ছাড়া আর কিছুই না। গত ০২/০১/২০২২ সালে গঠিত নেহালপুর ইউনিয়ন যুবলীগের কমিটি বৈধ্য। তাই আমরা সাংবাদিক সম্মেলনের মাধ্যমে কমিটি বিলুপ্তি ও বহিষ্কারদেশের তিব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

এসময় উপস্থিত ছিলেন গড়াইটুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদুজ্জামান পলাশ, তিতুদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদ রেজাসহ নেহালপুর ইউনিয়ন যুবলীগের বিভিন্ন ওয়ার্ডের নেতৃবৃন্দসহ নেতা কর্মী ও সমর্থকেরা উপস্থিত ছিলেন।

মুজিবনগর থানার নবাগত ওসির সাথে সাংবাদিকদের সৌজন্য সাক্ষাৎ

মুজিবনগর থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্ত এর সাথে সৌজন্য সাক্ষাৎ ও ফুলের শুভেচ্ছা জানিয়েছেন মুজিবনগর উপজেলার সাংবাদিকবৃন্দ।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় অফিসার ইনচার্জের অফিস রুমে সৌজন্য সাক্ষাৎ শেষে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর প্রেসক্লাবের (সাবেক) সহ-সভাপতি দৈনিক জবাবদিহি পত্রিকার মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা, মুজিবনগর প্রেসক্লাবের (সাবেক) সাংগঠনিক সম্পাদক ভোরের কাগজ ও মেহেরপুর প্রতিদিনের উপজেলা প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমান (শেরখান), বিজনেস বাংলাদেশ পত্রিকার জেলা প্রতিনিধি সানোয়ার হোসেন ডালিম, দৈনিক ইনকিলাব পত্রিকার মুজিবনগর প্রতিনিধি ফিরোজুর রহমান, দৈনিক সত্য খবর পত্রিকার মুজিবনগর প্রতিনিধি তুহিন, দৈনিক গড়ব বাংলাদেশ পত্রিকার মুজিবনগর উপজেলা প্রতিনিধি জাহিদ হাসান,দৈনিক সকালের সময় প্রত্রিকার মুজিবনগর প্রতিনিধি

আব্দুল খালেক, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার মুজিবনগর প্রতিনিধি শরিফুল ইসলাম, দৈনিক মুজিবনগর টুডে প্রতিনিধি আনোয়ার হোসেন।

দর্শনা প্রেসক্লাবের পক্ষ থেকে এমপি টগরকে ফুলেল শুভেচ্ছা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামীলীগের দলীয় প্রার্থী ও নৌকার কান্ডারী হওয়ায় দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে এমপি হাজী আলী আজগার টগরকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধা সাড়ে ৭ টায় আওয়ামীলীগের দলীয় কার্যলয়ে ফুলেল শুভেচ্ছা প্রদানকালে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম,সাধারন সম্পাদক হানিফ মন্ডল, সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল,সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন,সাবেক সভাপতি আওয়াল হোসেন,সাবেক সাধারন সম্পাদক ওসমান আলী,তথ্য প্রযুক্তি বিষয়ক সম্পাদক ওয়াসিম রয়েল।

এ সময় এমপি টগর সাংবাদিদের সার্বিক সহযোগিতা কামনা করেন।